

৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন আহ্বান

শিক্ষক বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অধীনে ৮ম শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন আহ্বান করা হয়েছে। অস্বাভাবিক প্রার্থীগণ আগামী ১ মে থেকে ৩১ মে পর্যন্ত <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইটে ঢুকে অনলাইনে আবেদন করতে পারবেন। মাধ্যমিক স্তরের নিবন্ধন পরীক্ষা ৩১ আগস্ট এবং উচ্চ মাধ্যমিক স্তরের পরীক্ষা ১ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (NTRCA) সিনিয়র সিনিয়র শিক্ষকত্ব যোগ্যতার সনদপত্র, নম্বর কর্ড (মার্কসিট), প্রয়োজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ ও ন্যায়িকত্ব সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে স্থল পর্যায়ের প্রার্থীরা হলুদ খামে এবং কলেজ পর্যায়ের প্রার্থীরা খাকি খামে ভরে সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, নায়ম একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা ১২০৫-এর কাছে সরাসরি/ডাকযোগে ১৪ জুনের মধ্যে পৌঁছাতে হবে। শিক্ষাগতযোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। তবে সদ্য উত্তীর্ণ পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান

এখান কর্তৃক প্রদত্ত প্রসংশাপত্র, টেলিফোন সিট/নম্বরপত্রসহ আবেদন করতে পারবেন। নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের হার্ডকপি এনটিআরসিএ'র দফতরে পৌঁছাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

অনলাইনে আবেদনের পর প্রত্যেক আবেদনকারীকে প্রদত্ত ইনভয়েন্স নম্বর দিয়ে অনধিক ৪৮ ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইলের এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৩৫০ টাকা প্রদান করতে হবে। প্রসংগত টাকা জমা ছাড়া শুধু হার্ডকপির মাধ্যমে আবেদন প্রেরণ করলে তা বাতিল হবে।

প্রার্থী কর্তৃক এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের পর প্রার্থীকে ইনভয়েন্স নম্বর, পাসওয়ার্ড এবং সিরিয়াল নম্বর ফিরতি এসএমএস-এর মাধ্যমে দেয়া হবে। পরে প্রার্থীকে (<http://ntrca.teletalk.com.bd>) এ ওয়েবসাইটে ঢুকে ইনভয়েন্স নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে পরীক্ষার তারিখ, সময় ও ডেন্যুর নামসহ প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা (<http://ntrca.teletalk.com.bd>) এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।